

## উচ্চ শিক্ষার মান বজায় রাখা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে ॥ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেছেন, দেশে উচ্চ শিক্ষার মান বজায় রাখা একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে এবং মানসম্মত উচ্চ শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সুনির্দিষ্ট কর্তব্যকল্পনা নিয়ে কাজ করার জন্য তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) নির্দেশ দেন।

রবিবার রাজধানীতে ৭ম ইউজিসি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, শিক্ষার মান সংরক্ষণ এবং এর পর্যায়ক্রমিক উন্নয়নে শিক্ষক ও গবেষকরা মুখ্য ভূমিকা পালন করেন। জ্ঞান অর্জন ও তার চর্চা এবং এর উন্নয়নে আপনাদের আন্তরিক ও কার্যকর ভূমিকা পালন করতে হবে। গবেষণা কর্মে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ ২০১২ ও ২০১৩ সালের জন্য মোট ১৬ জন বিশ্ববিদ্যালয় শিক্ষক ইউজিসি পুরস্কার লাভ করেন। স্ববর বাসস।

রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, দেশের বিশ্ববিদ্যালয়গুলো উচ্চতর শিক্ষা ও গবেষণার সর্বোচ্চ প্রতিষ্ঠান। নতুন কিছু আবিষ্কারের লক্ষ্যে গবেষকরা গবেষণা করেন, যা সমাজকে সামনের দিকে এগিয়ে নিতে মুখ্য ভূমিকা পালন করে- এ কথা উল্লেখ করে তিনি বলেন, 'তাই দেশে শিক্ষার মান উন্নয়নে বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের শিক্ষা দেয়ার-পাশাপাশি গবেষণা পরিচালনা খুবই গুরুত্বপূর্ণ।'

তিনি বলেন, 'আমি আশা করি বিশ্ববিদ্যালয়গুলো তাদের কর্মকাণ্ডে এই বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দেবে।' মৌলিক গবেষণার জন্য শিক্ষকদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে পুরস্কার প্রবর্তনের জন্য ইউজিসিকে অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, গবেষকদের গবেষণা কর্মের স্বীকৃতিস্বরূপ ইউজিসি তাদের পুরস্কার দিচ্ছে, যা খুবই উৎসাহবাহক।

তিনি বলেন, 'আমি মনে করি উচ্চ শিক্ষার ক্ষেত্রে নতুন জ্ঞান আহরণে এটা সহায়ক হবে, যা চূড়ান্তভাবে সমাজ তথা দেশকে আলোকিত করবে।' ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শুভেচ্ছা বক্তব্য দেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. মহম্মত খান। পুরস্কারপ্রাপ্তদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নাজমা শাহীন এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডাঃ এবিএম আবদুল্লাহ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ২০১২ সালের ইউজিসি পুরস্কারপ্রাপ্তরা হলেন- অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান খান, অধ্যাপক ড. মোঃ ইউনুস আলী, অধ্যাপক ড. মোঃ শাহ আলম, ড. জামিলা আহমেদ চৌধুরী, অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান এবং ডাসলিমা আহমেদ। ২০১৩ সালের ইউজিসি পুরস্কারপ্রাপ্তরা হলেন- অধ্যাপক ড. অশ্রাফুল হোসেন, মোঃ নানু মিয়া, অধ্যাপক ড. জিরাউল হক মামুন, অধ্যাপক ড. আবুল হাসনাত, ড. মোঃ শাহজাহান, অধ্যাপক ড. আবু বিন হুসান সুসান, অধ্যাপক ড. তপন কুমার সাহা, ড. তানজীর ফেরদৌস সাইদ, অধ্যাপক ড. নাজমা শাহীন এবং অধ্যাপক ডাঃ এবিএম আবদুল্লাহ।